# PRONOUN

❒ **No article is needed before**

a) A Pronoun b) An Adjective
c) A Noun d) An Adverb

**সমাধান ঃ** a উত্তর হবে।

***For better understanding read the following joke:***

Myron Perelman came home one night and presented his wife with a diamond necklace for their anniversary (বিবাহবার্ষিকী). His wife said, "It's beautiful, Myron, but I asked you for a Mercedes"
"I know" her husband replied. "But I don't know where to buy an imitation Mercedes."

উপরের Paragraph-টির underline করা word গুলো Pronoun. লক্ষ্য করো, কখনো এগুলো *Myron*-কে, কখনো তার *wife* কে, আবার কখনো তাদের দু'জনকেই mean করছে।

***Different forms of personal pronoun*** **:**

| Forms of pronoun | Singular | Plural |
|---|---|---|
| Nominative/ Subjective | I, you, he, she, it | We, you, they |
| Possessive | My, mine, yours, your, his, her, its | Our, Ours, your, yours, their, theirs |
| Objective | me, you, him, her, it | us, you, them |
| Reflexive | myself, yourself, himself, itself | ourselves, yourselves, themselves |

❒ **Choose the correct option ______.**

a. Charles friend's loves Burns poems
b. Charle's friend loves Burns poems
c. Charles friend love's Burns' poems
d. Charles' friend loves Burns' poems

**সমাধান ঃ** d উত্তর হবে। কারণ, ব্যক্তির শেষে 's' থাকলে apostrophe অথবা,
apostrophe 's' দুটোই বসানো যায়।

❒ **Choose the correct option.**

a. Jahir's the guy who giving us a ride
b. Jahir's the guy who's giving us a ride
c. Jahir the guy who giving us a ride
d. Jahir's the guy who giving us a ride

**সমাধান ঃ** b উত্তর হবে। কারণ, *Jahir's* হলো *Jahir is*-এর সংক্ষিপ্ত রূপ এবং
who's হলো *who is*-এর সংক্ষিপ্ত রূপ।

❒ **Is it _____?**

a. the yours b. the your's c. your d. yours

**সমাধান ঃ** d উত্তর হবে। কারণ, yours অর্থ 'তোমারটা'।

নিচের pronoun গুলোর বিভিন্ন form ভালভাবে খেয়াল করো এবং পার্থক্য বোঝার চেষ্টা করো:

| | |
|---|---|
| he's | = he is |
| his | = Possessive form of 'he' |
| Who's | = Who is |
| Whose | = Possessive form of 'who' |
| They're | = They are |
| Their | = Possessive form of 'they' |
| It's | = It is |
| Its | = Possessive form of 'it' |

## Pronoun-এর ব্যবহার

### Rule - 01

❒ **The Captain ____ had a score of 30.**

a. Joy and me b. Joy and myself
c. Joy and I d. Joy and us

**সমাধান ঃ** c উত্তর হবে। কারণ, বাক্যের শুরুতে pronoun-এর subject form বসে।

*Pronoun* বাক্যের subject হিসাবে বসলে এর *subject form* use হয়। যেমন:

*You conceal* (লুকিয়ে রাখা ) *your beauty.*
*I began school life again.*

বাক্যের object হিসাবে বসলে pronoun-এর *objective form* use হয়।

*He taught him eloquent speech.*

### Rule - 02

❒ **If you insist______you must pay my fare**

a) on me of come b) on my coming
c) on me coming d) on that i come

**সমাধান:** b উত্তর হবে। কারণ, *insist*-এর সাথে *on* হয়। 'আমার আসা' বুঝাতে *my coming* হবে।

*Although peter had been looking forward to the debate for weeks, a sore throat prevented his taking part.*

অর্থাৎ- *ing*-যুক্ত verb-এর আগে যদি কোন pronoun বসে, তবে তার *Possessive form* ব্যবহৃত হয়। যেমন : *My coming, your going, his leaving.*

*It was time for me to leave.*
*I requested him not to vex me.*

অর্থাৎ- যদি *infinitive*-এর আগে কোন pronoun বসে, তবে তা objective form এ বসে।

### Rule - 03

❒ **It was ______ who first noticed the difference.**

a. me b. I c. myself d. me self

**সমাধান ঃ** b উত্তর হবে। কারণ, *who* যে pronoun-কে নির্দেশ করে তা হবে subject form-এ।

Be verb (*am, is, are, was, were), than, as*-এর পর pronoun-এর subject form বসে। যেমনঃ

*It is he who sends down AYAT.*
*It is you who are responsible for the misdeeds.*
*He is taller than I.*

### Rule - 04

❐ **The more hemoglobin one has, the more oxygen is carried to _____ cells.**
a. its b. our c. their d. one's

**সমাধান ঃ** d উত্তর হবে। কারণ, *one* এর possessive হলো *one's*.

'*One*' subject হিসেবে বসলে এর পরিবর্তে possessive pronoun হিসেবে *one's* বসে। যেমন-

*One should take care one's health.*

*One of my student's is serious about his study.*
অর্থাৎ, *one*-এর পরে যদি *of* দিয়ে কিছু শব্দগুচ্ছ যোগ করা হয়, সেক্ষেত্রে possessive pronoun হিসেবে *my / his / her* বসে।

### Rule - 05

## Who না Whoever ?

❐ **Choose the correct option.**
a. The man was tall who stole may bag
b. The man stole my bag who was tall
c. The man stole my bag who is tall
d. The man who stole my bag was tall

**সমাধান ঃ** d উত্তর হবে। কারণ, '*who*' দিয়ে *man*-কে indicate করায় *who, the man*-এর ঠিক পরে বসবে।

❐ **Choose the correct option.**
a. Give the work to whichever looks idle
b. Give the work to whom looks odle
c. Give the work to whomever looks idle
d. Give the work to whoever looks idle

**সমাধান ঃ** d উত্তর হবে। কারণ, *looks* হলো verb; তাই এর আগে subject form *whoever* বসবে।

*The farmers who are poor have applied for a loan.*

অর্থাৎ, Relative pronoun (*Who, Which, What, Whom, Whose*) যে noun বা pronoun কে নির্দেশ করে, তাকে *antecedent* বলে। Relative pronoun-টি antecedent এর ঠিক পরে বসে। উপরের উদাহরণে '*Who*' relative pronoun-এর antecedent হচ্ছে '***The farmers***'। তাই who-এর ঠিক পরে বসেছে।

### Rule - 06

The students who **are** good at English **have** the possibility
to get chance in D.U.

The Student who **is** good at English has the possibility to
get chance in D.U.

*Relative pronoun* subject হিসেবে বসলে এর verb-টি singular হবে, না plural হবে, তা depend করে যাকে নির্দেশ করছে তার উপর। অর্থাৎ *antecedent* singular হলে *relative pronoun*-এর verb-টি singular হয়। আর *antecedent* plural হলে relative pronoun-এর verb-টিও plural হয়।

### Rule - 07

## Who না Whom ?

*Mr. Micawber who took me home with him arrived punctually at 8 O'clock.*

i) বাক্যের subject এর স্থলে অর্থাৎ verb-এর আগে সবসময় *who* ব্যবহৃত হয়।

*The author whom you criticized in your review has written a reply*

ii) Relative pronoun কোন noun বা pronoun এর ঠিক আগে বসলে এর objective form হয়।

এবার নিচের example-টি লক্ষ্য করো যা উপরের উদাহরণগুলোর ব্যতিক্রম ঃ

***He was the author who (a) I believed (b) was most likely (c) to receive (d) the Ekushe award. No error (e)***

**Ans: (E)**

উপরের উদাহরণে relative pronoun '*Who*' '*I*' pronoun এর সাথে বসা সত্ত্বেও এর objective form '*Whom*' না বসে subject form '*Who*' বসেছে। কেননা পরে যে '*was*' verb-টি রয়েছে, তার subject হচ্ছে '*Who*' এবং *I believed* হচ্ছে অতিরিক্ত অংশ।

### Rule - 08

*Allah likes those who are faithfully true to their Amanat.*
*God helps those who help themselves.*
*Relative pronoun*-এর পূর্বে কখনোই '*They*' বা '*Them*' বসতে পারে না। এদের পরিবর্তে '*Those*' বসে।

## ADJECTIVE

***'Adjective'*** deals with noun and pronoun. কিন্তু ভালভাবে বোঝার জন্য কেবল এইটুকু যথেষ্ট নয়। Read the following paragraph. The underlined words are Adjective:

"I was only ten when I left my home forever. The warehouse turned out to be a dirty old house, also it was overrun with rats. We were three or four boys and our work was to fit the corks on wine bottles".


লক্ষ্য কর, adjective কখনো noun এর সাথে বসে একে describe বা point out করে, কখনও number, quantity ইত্যাদি অবস্থা বোঝায়। যেমন, উপরের উদাহরণে dirty old house, three or four boys, wine bottles.

আরও উদাহরণ ঃ The lazy boy was punished.

আবার কখনও verb এর সাথে বসে noun বা pronoun সম্পর্কে কথা বলে। উপরের Paragraph-এ I was only ten, it was overrun with rats. কিংবা যদি বলি, The boy is <u>lazy</u>. Auxiliary verb 'is' এর পর বসে 'Lazy' adjective-টি আসলে 'The boy' এর সম্পর্কে কথা বলছে ।

### সহজে Adjective চেনার উপায়

**নিম্নলিখিত suffix গুলো থেকে adjective চেনা যায়-**




❑ **Although he felt very ______, he smiled ________ .**

a) angrily, friendly　　b) angry, friendly

c) angrily, in a friendly　　d) angry, in a friendly way

**সমাধান :** d উত্তর হবে। কারণ, *feel* verb-এরপর adjective বসে তাই *felt* এরপর adjective *angry* বসবে এবং *smiled* verb-এর পর অবশ্যই adverb বসবে। *Friendly* হলো adjective, যার adverb form হলো *in a friendly way*. তাই d উত্তর হবে।

**Tips**　　**Noun + ly = adjective**

**adjective + ly = adverb**

Adjective= lovely, lonely, friendly.
Adverb = beautifully – badly

## Positions and Applications of Adjective

### Rule - 01

*The president said that the <u>economic</u> <u>situation</u> was very serious.*

Noun-এর immediate-এর আগে যদি কোন word use করতে হয়, তবে সেই word-টিকে adjective এ রূপান্তর করে নিতে হয়।

### Rule - 02

## Linking verb

❑ **These grapes ____________ sour.**

a) tasting　b) are tasting　c) tastes　d) taste

**সমাধান:** d উত্তর হবে। কারণ, *taste*-এর সাথে কখনো *ing* যুক্ত হয় না।

❑ **The roses in garden smell really _________ this year.**

a) sweetest　b) sweetly　c) sweetening　d) sweet

**সমাধান :** d উত্তর হবে। কারণ, *smell*-এর পর adjective-ই বসবে।

সাধারণত: verb- কে modify করতে adverb ব্যবহৃত হয়। কিন্তু এই নিয়মের exception হচ্ছে, কতগুলো verb word রয়েছে যাদের পর adverb না বসে adjective বসে। যেমন:

*Honey <u>tastes</u> <u>sweet</u>*
*adj*

এখন প্রশ্ন হচ্ছে, এই verb কোনগুলো তা কিভাবে বুঝবে ? *It's not* a *matter at all* (এটা আদৌ কোন ব্যাপার না)। নিচের chart-টি চট করে মুখস্ড় করো, মুশকিলে আহ্সান।

| | | |
|---|---|---|
| appear | feel | taste |
| smell | look | remain |
| be (am, is, are was, were) | seem | become |
| Stay | sound | |

**ব্যতিক্রম :** উপরে বক্সে প্রদত্ত verb-গুলোর পর *object* বা *preposition* থাকলে এদের পর adjective না বসে adverb বসে। যেমন :

*He <u>looked</u> <u>angry</u>*

*He <u>looked</u> <u>at me</u> <u>angrily.</u>*

### Rule - 03

## Noun working as Adjective

* *All of us speak <u>foreign</u> <u>language</u>.*
* *All of us are foreign <u>language</u> <u>teacher</u>.*

যদি কোন sentence এ দুটি noun একত্রে use করা হয়, তবে noun দুটির প্রথমটি adjective হিসেবে বিবেচিত হয়।

**Tips**

***Incorrect :*** May I have some notebooks paper ?
***Correct :*** May I have some notebook paper ?

**Noun sentence-এ adjective হিসেবে বসলে তা অবশ্যই singular হয়। No how it can be plural.**

### Rule - 04

## Hyphenated Adjective

❑ **That magnificent ___castle was constructed by the Chinese.**

A. eight-centuries-old　　B. eight century's old
C. eight-century-old　　D. old eight-centuries

**সমাধান :** c উত্তর হবে। কারণ, *hyphen* দিয়ে যুক্ত শব্দের সাথে কখনোও 's' যোগ করা যায় না।

দুই বা ততোধিক adjective *hyphen* দ্বারা যুক্ত হলে, এদেরকে *hyphenated* adjective বলা হয় এবং এরা কখনোও Plural হয় না। যেমন:

A sixty-years-old employee may retire. **Incorrect**

A sixty-year-old employee may retire. **Correct**

**Rule - 05**

## Enough-এর ব্যবহার

- **When your body does not get ______it cannot make the glucose it needs**
  A. Food as enough B. food enoughly
  C. enough the food D. enough food E. food enough

**সমাধান :** d উত্তর হবে। কারণ, *enough + noun* হয়।

*We have enough tickets.*

'*Enough'* শব্দটি যদি noun এর সাথে ব্যবহৃত হয়, তবে এটি noun এর আগে বসে।

*Billy is not old enough to enlist in the army.*

কিন্তু adjective / adverb / verb-র সাথে *enough* ব্যবহৃত হলে এর position হচ্ছে after the adjective / adverb।

**Tips**

*Enough*-এর পর verb বসলে সেই verb-টির পূর্বে *to* বসে। যেমন:

He is rich enough to buy a car.

**Rule - 06**

## Few /A few & little/A little

***few :*** Although the question was easy, *few* boys were able to answer it.

***A few :*** Although the question was difficult, *a few* boys were able to answer it.

***Little:*** I have little knowledge about this incidence (ঘটনা) so I can't say anything.

***A Little:*** I have a little knowledge about this incidence so I can say something.

*few* (*little*) ও a *few* (*a little*)-এর ধর্ম এক হলেও অর্থাৎ countable (uncountable) noun এর পূর্বে বসলেও এদের ব্যবহারগত পার্থক্য বিদ্যমান। few (*little*) অর্থ **"এমন কম যে নেই বললেই চলে"** এবং a few (*a little*) ব্যবহার করা হয় **"কয়েকটি বা কিছু পরিমান"** অর্থ বোঝাতে।

**Rule - 07**

## A large (A small) number of
## A large (A small) amount of

- A large number of students from other countries attend State University
- Rahim has a large amount of equipment.
- A small number of families own most of the land here.

অর্থের দিক দিয়ে এদের মধ্যে কোন পার্থক্য না থাকলেও *A large (A small) number of* এর পর *Plural countable* noun এবং *A large (A small) amount of* এর পর *uncountable* noun ব্যবহৃত হয়।

**Rule - 08**

## One, Another & the Other

One movie starts at five *another* movie *starts* at seven and *the other* movie starts at nine.

This semester has two courses. *One* (course) is interesting and *the other* (course) is boring.

তিনটি noun কে consecutively (ধারাবাহিকভাবে) organize করার জন্য, *One, Another* and *the Other* এবং দুটি noun কে consecutively organize করার জন্য *One* ও *the Other* ব্যবহার করা হয়।

## Analogy Review In Detail

Analogy প্রশ্নে মূল একজোড়া শব্দের মধ্যে সম্পর্ক বের করে ঠিক ঐ ধরণের সম্পর্ক অন্য যে শব্দজোড়ার মধ্যে আছে, সেটাকে চিহ্নিত করতে হয়।

### How to solve Analogy (Analogy সমাধান কৌশল)

নীচে কয়েকটি উদাহরণে Analogy প্রশ্নের উত্তর বের করার পদ্ধতি অত্যন্ড় সহজ করে ব্যাখ্যা করা হয়েছে।

**EXAMPLE - 1**

**EGG : OVAL**

a) Bee : Honey b) Cow: Milk
c) Brick : Rectangular
d) Camel: Desert e) None of these

**Solution**

**Step-1**

"Capital Letter (বড় অক্ষর)- এর শব্দজোড়ার অর্থ সম্পর্কে নিশ্চিত হতে হবে। অর্থাৎ তাদের অর্থ জানতে হবে।" Egg অর্থ তো আপনাদের সবারাই জানা আছে যে 'ডিম' এবং 'Oval' অর্থ 'ডিম্বাকার'।

**Step-2**

"Capital Letter- এর শব্দদুটোর সম্পর্ককে সহজভাবে ছোট একটা বাক্যের মাধ্যমে প্রকাশ করতে হবে।" এক্ষেত্রে বলা যায়, "EGG is OVAL" অর্থাৎ "ডিম হয় ডিম্বাকার"।

**Step-3**

"উত্তর হিসেবে প্রদত্ত শব্দজোড়াগুলি দিয়ে গঠিত বাক্যের মতই ঠিক একই ভাষায় বাক্য বানাতে হবে।" এখন "EGG is OVAL" বাক্যের EGG ও OVAL এর স্থানে উত্তরের প্রতিটি জোড়ার শব্দদুটোকে একের পর এক বসিয়ে পাওয়া যায় [..............**is** .............]

a) Bee is honey. b) Cow is milk
c) Brick is rectangular. d) Camel is desert

**Step-4**
"সবচেয়ে সঠিক ও অর্থবহ বাক্য যে জোড়া দিয়ে তৈরী হয়েছে, সেই জোড়াটাই উত্তর।" স্পষ্টতই শুধুমাত্র (c ) দ্বারা অর্থবহ বাক্য তৈরী হয়। কেননা, Bee (মৌমাছি)-এর সাহায্যে Honey (মধু) তৈরী হয় বলা যেতে পারে, কিন্তু (a) এর "Bee is honey" কথাটা অবশ্যই ভুল। একইভাবে Cow থেকে milk হয় বটে কিন্তু "Cow is milk" বললে ভুল হবে। তাই, (b)- ও বাদ। আর, "Camel is Desert" কথাটাও সঠিক নয়। শুধুমাত্র "Brick is rectangular" বাক্যটাই সঠিক ও অর্থবহ। উত্তর (c)

## EXAMPLE - 2

**RACQUET : TENNIS**

a) Driver: Springboard　　b) Horse : Polo
c) Glove : Boxing　　d) Bat : Cricket

e) Gum : Hunting

**পরীক্ষার সময় যেভাবে Solve করতে হবে, সেই ব্যাখ্যা**

**Step-1** (অর্থ বের করা) : RACQUET হলো খেলার র‍্যাকেট এবং TENNIS একটা খেলার নাম।

**Step-2** (মূল বাক্য গঠন করা) : TENNIS-এর জন্য RACQUET লাগে"

**Step-3** (উত্তরের জোড়াগুলি দিয়ে অনুরূপ বাক্য তৈরী করা) : "................এর জন্য............লাগে"

a) Springboard-এর জন্য Diver লাগে।
b) Polo-এর জন্য Horse লাগে।
c) Boxing-এর জন্য Glove লাগে।
d) Cricket -এর জন্য Bat লাগে।
e) Hunting-এর জন্য Gum লাগে।

F-2

**Step-4** (সঠিক ও অর্থবহ বাক্যটা বের করা) : এক্ষেত্রে (a)-টা অবশ্যই বাদ দেয়া যায় যেহেতু Springboard (পানিতে ডাইভ দেওয়ার স্প্রিং আটা তক্তা) লাগে Dive দেয়ার জন্য। কিন্তু বাকীগুলির একটাও বাদ যায় না, যেহেতু (b), (c) (d) ও (e)- এর প্রতিটি অর্থবহ ও সঠিক। এ ধরণের পরিস্থিতির উদ্ভব হলে অর্থাৎ একাধিক উত্তরকে সঠিক মনে হলে, বুঝতে হবে মূল শব্দদুটোর সম্পর্ককে অতিরিক্ত প্রশস্তভাবে প্রকাশ করা হয়েছে। তখন বড় অক্ষরের শব্দদুটোর সম্পর্ককে আরও সংকীর্ণ বা সীমাবদ্ধভাবে প্রকাশ করতে হবে। এক্ষেত্রে বলা যায়, "TENNIS খেলায় বলকে আঘাত করার জন্য RACQUET লাগেঃ এবার কিন্তু শুধুমাত্র (d) দিয়ে বলা যায়, Cricket খেলায় বলকে আঘাত করার জন্য Bat লাগে। অতএব, উত্তর (d)

এই দুটো উদাহরণ বিস্তারিতভাবে করা হয়েছে কেবলমাত্র বুঝবার সুবিধার জন্য। পরীক্ষার হলে এত বিস্তারিতভাবে Step-1, Step-2 ইত্যাদি লেখালেখি তো করবেন্ই না, বরং পুরো প্রক্রিয়াটি মনে মনে করে ফেলবেন। পরীক্ষার হলে কিভাবে আপনার চিন্তাধারা অগ্রসর হবে তা নীচের উদাহরণে দেখুন।

## EXAMPLE - 3

**CREST : WAVE**

a) Basin: Water　　b) Mountain : Range
c) Sand: Dune
d) River : Bed　　e) Crown : Tree

**Solution**

***CREST*** মানে শীর্ষে, WAVE মানে ঢেউ। "WAVE- এর শীর্ষকে CREST বলে।" (a) Basin মানে- তো বাথরূমের বেসিন। এটাকে তো Water- এর শীর্ষ বলা যায় না। তাহলে (a) বাদ।

(b) - তে Mountain (পর্বত)- কে Range (পর্বতশ্রেণী)- এর অংশ বলা যায়, কিন্তু শীর্ষ বললে ভুল হবে; এটাও বাদ।
(c) - তে Sand (বালি)- এর স্তুপকে Dune (বালিয়াড়ি) বলে; এটাও হয় না।
(d) - তে Bed হলো River- এর তলদেশ। অতএব, (D)- ও বাদ।
(e) - তে Crown মানে মুকুটও হয়, আবার কোন কিছুর শীর্ষকেও Crown বলে। Tree- এর শীর্ষকে Crown বলে। উত্তর (e)

## EXAMPLE - 4

**MARBLE : STONE ::**

**(**A) Sand :Cement　　(B) Fruit : Apple
(C) Gold : Mine　　(D) Copper: Metal
(E) Cloud: Sky

**Solution**

*MARBLE* হচ্ছে মার্বেল পাথর, *STONE* হলো পাথর।
তাহলে *MARBLE* এক প্রকার *STONE*;

(A) ***Sand*** এক প্রকার ***Cement*** পুরোপুরি ভুল। ∴ এটা বাদ।
(B) ***Fruit*** এক প্রকার ***Apple***; এটাও বাদ।
(C) ***Gold*** এক প্রকার ***Mine*** (খনি); এটাও বাদ দেয়া যায়।
(D) ***Copper*** (তামা) এক প্রকার ***Metal*** হতে পারে।
(E) ***Cloud*** একপ্রকার ***Sky***। এটাও বাদ।

তাহলে সঠিক উত্তর হবে (D)।

এই উদাহরণে একটু সাবধান না হলে ভুল করে (B)-কে উত্তর হিসেবে বেছে নেয়ার আশঙ্কা রয়েছে। কিন্তু এই খেয়ালও রাখতে হবে যে, ***MARBLE*** শব্দটা ছিল প্রথমে এবং ***STONE*** শব্দটা ছিল পরে। অর্থাৎ সম্পর্কটা হলো ".......... এক প্রকার ........ "

কিন্তু (B)-তে ***Apple*** আছে পরে ও ***Fruit*** আগে। যদি ***Apple*** আগে এবং ***Fruit*** পরে থাকতো, তবে মূল বাক্যের মতো বলা যেত ***Apple*** এক প্রকার ***Fruit.***

এতক্ষণ যে উদাহরণগুলো দেখানো হলো লক্ষ্য করে দেখবেন, সেগুলোর Capital letter-এর শব্দজোড়াগুলোর সম্পর্ক একেক উদাহরণে একেক রকম।

যেমন- **Ex.:-4**-এ ছিলো "................. এক প্রকার ................. ",
**Ex:-3**-তে ছিলো "................. এর শীর্ষকে ............ বলে" ইত্যাদি।

Capital letter অর্থাৎ মূল শব্দজোড়ার মধ্যে মোটামুটি কি কি ধরণের সম্পর্ক হতে পারে সেটা আগে থেকে একটা ধারণা থাকলে পরীক্ষার হলে আপনারা দ্রুততা ও আত্মবিশ্বাসের সাথে প্রশ্নগুলো সমাধান করতে পারবেন। এবার আসুন দেখা যাক মূলজোড়ার শব্দদুটোর মধ্যে সাধারণতঃ কি কি ধরণের সম্পর্ক হতে পারে।

## Most common types of Analogies

**1.** _________ is a characteristic of ________
( _________ হচ্ছে _________ এর বৈশিষ্ট্য )
COURAGE : HERO (*COURAGE হচ্ছে HERO-এর বৈশিষ্ট্য*)

**2.** Lack of_______is_____(_________ এর অভাব হলো ______)

HOPE : PESSIMISM (পেসিমিঝম্-নৈরাশ্য)
(*HOPE-এর অভাব হলো PESSIMISM*)

**3.** _______is a type of_______(_______ এক প্রকার ________ )

ANGER : EMOTION (*ANGER* এক প্রকার *EMOTION*)

**4.** ______is a part of______(_______ হচ্ছে ________ এর অংশ )

CHAPTER: NOVEL (*CHAPTER* হচ্ছে *NOVEL*-এর অংশ)

**5.** ______is the place of______(_______ হচ্ছে ________ এক কাজের স্থান )

CLASSROOM : TEACHER
(CLASSROOM হচ্ছে TEACHER-এর কাজের স্থান)

**6.** Relationship of Degree (মাত্রা বা তীব্রতার সম্পর্ক)
FURIOUS : ANNOYED
*FURIOUS* হচ্ছে অতিরিক্ত বা বেশী *ANNOYED*

**7.** TOOL (কাজের যন্ত্র বা উপকরণ) (_______ এর যন্ত্র হলো _______)

PAINTER : BRUSH ( PAINTER-এর যন্ত্র হলো BRUSH)

**8.** _______creates_______(_______ তৈরী করে _______ )

POET: SONNET (*POET* তৈরী করে *SONNET*)

**9.** _______is a sign of _______(_______ হচ্ছে ________ এর চিহ্ন / লক্ষন)

TREMBLING : FEAR (*TREMBLING* হচ্ছে *FEAR*-এর চিহ্ন)

**10.** _______causes_______(_______ এর ফলে _______ হয়)

EXPLOSION(বিস্ফোরণ) : DESTRUCTION
(*EXPLOSION*-এর ফলে *DESTRUCTION* হয়)

## Exercise

**01. BOTANY**(বোটানী - উদ্ভিদবিদ্যা) **: PLANT**(প- ান্ট্ - গাছ) **::**

(A) professor **:** degree
B) fruit **:** flower
C) science **:** chemical
(D) zoology **:** animal
E) cloud **:** rain

**সমাধানঃ** প্রথমেই প্রদত্ত শব্দজোড়ার সম্পর্ক তৈরী কর–ন। এই মুহূর্তে Answer choice(চয়েস্)-গুলো পড়ে সময় নষ্ট করার দরকার নেই। **PLANT** সংক্রান্ড় বিদ্যাকে **BOTANY** বলে। *Animal* সংক্রান্ড় বিদ্যাকে *zoology*(ঝুওলজী - প্রাণীবিদ্যা) বলে। উত্তর **(D)**

**02. FISH : HILSA**(হিল্সা) **::**

(A) ocean(ওউশেন্) **:** wave(ওয়েইভ্ - ঢেউ)
(B) mammal(ম্যামাল্ - স্ড়ন্যপায়ী প্রাণী) **:** whale
(C) bird **:** aviary (এইভিয়ারী)
(D) antenna **:** insect
(E) stag (স্ট্যাগ্ - পুর–ষ হরিণ) **:** doe(ডৌ)

**সমাধানঃ (B); HILSA** (ইলিশ) এক প্রকার **FISH;** *Whale* (হোয়েইল্ - তিমি) এক প্রকার *mammal* (স্ড়ন্যপায়ী প্রাণী)।

**03. DEGREE : TEMPERATURE ::**

(A) ounce **:** weight
(B) fathom(ফ্যাদ্ম্) **:** volume
(C) mass **:** energy
(D) time **:** length
(E) light **:** heat

**সমাধানঃ (A); TEMPERATURE** মাপার একক হলো **DEGREE;**
*Weight* মাপার একক *ounce*(আউন্স্)।

**04. HEART : PUMP ::**

(A) lungs (লাংস্) **:** collapse(কল্যাপ্স্)
(B) hand **:** steal
(C) teeth **:** ache (এইক্-ব্যথা)
D) stomach (স্টমাক্) **:** digest
(E) appendix (অ্যাপেন্ডিক্স্) **:** burst(বার্স্ট্ - ফেটে যাওয়া)

**সমাধানঃ (D); HEART**-এর কাজ **PUMP** করা।
*Stomach* (স্টমাক্ - পাকস্থলী)-এর কাজ *digest* (ডাইজেস্ট্ - হজম করা)।

**05. WORDS : WRITER ::**

(A) honor **:** thieves (থীভ্স্)
(B) chalk **:** teacher
(C) mortar (মোর্টার্) **:** bricklayer (ব্রিক্লেইয়ার্)
D) batter (ব্যাটার্) **:** baker(বেইকার্)
(E) laws **:** policeman.

**সমাধানঃ (D); WRITER** গল্প/উপন্যাস তৈরী করে **WORDS** দিয়ে।
*Baker* র–টি/বিস্কুট তৈরী করে *batter* দিয়ে।
*batter* = ডিম, দুধ, ময়দার মিশ্রণে তৈরী কাই;

**06. IOGRAPHY** (বায়োগ্রাফী) **: AUTOBIOGRAPHY ::**

(A) mobile **:** automobile
(B) dead **:** living
(C) testimony (টেস্টিমৌনি) **:** confession(কন্ফেশ্ন্)
(D) author **:** performer (যে perform করে)
(E) memories **:** history

**সমাধানঃ (C);** যে **BIOGRAPHY**(জীবনী) নিজের সম্পর্কে সেটাই **AUTOBIOGRAPHY** (অটোবায়োগ্রাফী - আত্মজীবনী)।
যে *testimony* (সাক্ষ্য) নিজের সম্পর্কে সেটাই *confession* (অপরাধ-স্বীকার)।

**07. FIND : SEARCH ::**

(A) talk **:** listen
(B) read **:** write
(C) believe **:** obey
(D) seek **:** look
(E) win **:** fight

**সমাধানঃ (E);** কিছু **FIND** করতে হলে **SEARCH**(সার্চ - অনুসন্ধান) করা লাগে। কিছু *win* করতে হলে *fight* (ফাইট্ - সংগ্রাম) করা লাগে।

**08. INCOME : EXPENDITURE** (য়েক্স্পেন্ডিচার্) **::**

(A) production (প্রোডাক্শান্) **:** consumption (কন্‌ঝাম্প্শন্)
(B) pond **:** fish
(C) money **:** rich
(D) saving **:** investment (ইন্‌ভেস্টমেন্ট)
(E) factory **:** worker

**সমাধানঃ (A); INCOME** এবং **EXPENDITURE** বিপরীত শব্দ। *Production* (উৎপাদন) এবং *consumption* (ভোগ) বিপরীত শব্দ।

**09. SCALPEL** (স্ক্যাল্পেল্) **: SURGEON ::**

(A) razor (রেইঝার্) **:** barber
(B) weed **:** gardener (গার্ডেনার)
(C) recipe (রেসিপি) **:** chef (শেফ্)
(D) medicine **:** patient
(E) compass **:** engineer

সমাধানঃ **(A);SCALPEL** (স্কাল্পেল্ - শল্য চিকিৎসায় ব্যবহৃত ছুরি) হলো **SURGEON** (শল্য চিকিৎসক)-এর যন্ত্র। *Razor* (রেইঝার্ - ক্ষুর) হলো *barber*(নাপিত)-এর যন্ত্র।

**10. THIMBLE** (থিম্‌ব্ল্) **: FINGER** (ফিঙ্গার্) **::**

(A) crown (ক্রাউন্) **:** head
(B) armor (আর্মর্) **:** body
(C) earring (ইয়ারিঙ্) **:** ear
(D) stocking (ষ্টকিঙ্) **:** leg
(E) belt **:** waist (ওয়েইস্ট্)

**সমাধানঃ (B); FINGER**-কে *protect* করে **THIMBLE** (থিম্বল্ - সেলাইয়ের সময় সুচের খোচা এড়ানোর জন্য পরিধেয় আঙ্গুঠ)। *Body*-কে *protect* করে *armor* (আর্মর্ - লোহার বর্ম)।

**11. MOUNTAIN** (মাউন্টেইন্) **: RANGE ::**

(A) lake **:** ocean
(B) Glacier (গে- ইসিআর্) **:** snow (স্নৌ)
(C) island (আইল্যান্ড্) **:** archipelago(আর্কিপেলাগৌ)
(D) sand **:** dust
(E) surf (সারফ) **:** beach.

**সমাধানঃ (C);** অনেক **MOUNTAIN** মিলে **RANGE** (রেইন্‌জ্ - পর্বতশ্রেণী) হয়; অনেক *island* (দ্বীপ) মিলে *archipelago* (দ্বীপপুঞ্জ) হয়।

**12. QUARRY**(কুঅ্যারি) **: MARBLE ::**

(A) mine(মাইন্) **:** coal(কৌল্)
(B) metal **:** silver
(C) prey(প্রে - শিকার) **:** rabbit
(D) necklace(নেক্লেইস্) **:** diamonds
(E) ore(ওর্) **:** gold.

সমাধানঃ **(A); QUARRY**(পাথরের খনি) থেকে **MARBLE** তোলা হয়।
*Mine* থেকে *coal* (কয়লা) তোলা হয়।

**13. JUDGE : GAVEL**(গ্যাভেল্) **::**

(A) orator(অরেইটর্) **:** dais(ডায়াস্)
(B) teacher **:** blackboard
(C) violin(ভায়োলিন্) **:** music
(D) conductor(কন্ডাক্টর্) **:** baton(ব্যাটন্)
(E) pianist **:** keys.

**সমাধানঃ (D); GAVEL** (হাতুড়ি)-এর সাহায্যে **JUDGE** সবাইকে নিয়ন্ত্রণ করে। *Baton* (ব্যাটন্ - ছোট লাঠি)-এর সাহায্যে *conductor* (বাদ্যযন্ত্রীদলের পরিচালক) সবাইকে নিয়ন্ত্রণ করে।

**14. PLAY : ACTS ::**

(A) essay **:** topics (B) game **:** athletes
(C) novel **:** chapters
(D) poem **:** rhymes(রাইম্‌স্) (E) drama **:** actors.

**সমাধানঃ (C);** অনেক **ACTS**(অ্যাক্ট্স্ মানে পর্ব বা অংক) মিলে **PLAY**(নাটক) হয়। অনেক *chapters* (চ্যাপ্টার্ - অংশ বা দৃশ্য) মিলে একটা *novel* হয়।

**15. GEOLOGY**(জি-অ-ল-জি) **: SCIENCE ::**

(A) fir(ফার্) **:** tree (B) theory **:** practice
(C) fashion (ফ্যাশ্ন্)**:** style (D) biology **:** laboratory
(E) star **:** galaxy(গ্যালাক্সি)

**সমাধানঃ (A); GEOLOGY** (ভূতত্ত্ব) এক প্রকার **SCIENCE**। *Fir*(ফার্) এক প্রকার *tree*।

## Important Suggestion

1. **Frank and_____are going to join the same conference. (কন্‌ফারেন্স্ - সাংবাদিক সম্মেলন)**
(a) our (b) we (c) us
(d) we are (e) none of the above.

2. **Through elected officials, a representative democracy includes citizens like you and_____in the decision-making process.**
(a) me (b) my (c) mine (d) I (e) myself

3. **In a parliamentary system, it is not the monarch (মন্যার্ক্ - রাজা) but the Prime Minister_________.**
(a) whom the real power.
(b) whom has the real power.
(c) who the real power.
(d) who has the real power.
(e) who have the real power.

4. **He didn't know_____to the party.**
(a) who he would take to the party.
(b) whose he would take to the party.
(c) whoever he would take.
(d) whomever he would take.
(e) whom he would take.

5. **People abominate (এবোমিনেইট্ - প্রচন্ডভাবে ঘৃণা করা) the authors who _____.**
(a) copies from other books.
(b) coping from other books.
(c) copy from other books.
(d) is coping from other books.
(e) none of the above.

6. **Mr. Brown will hire a new employee, either Rashid or_________.**
(a) she (b) her (c) whose (d) I
(e) he.

7. **Choose the correct sentence :**
(a) The people cheated on the examination who had to leave the room.
(b) The people cheated on the examination whom had to leave the room.
(c) The people whom cheated on the examination had to leave the room.
(d) The people who cheated on the examination had to leave the room.
(e) Both (a) and (d).

8. **Choose the correct sentence:**
(a) The man that said that was a fool.
(b) The man who said that was a fool.
(c) The man that said that, was a fool.
(d) The man which said that was a fool. (e) None.

9. **_________who are industrious (পরিশ্রমী) get success in their life.**
(a) they (b) them (c) those
(d) their (e) a and c

10. **________thinking over the issue went awry (আরাই- ভেস্তে গেল বা ব্যর্থ হল এমন)**
(a) he (b) she (c) him (d) his (e) he is

11. **I would be glad to take a message for_____.**
(a) he (b) him (c) his (d) she (e) they

12. **The molecules of a liquid are held together tighter than_______ of a gas.**
(a) that (b) those (c) for that
(d) of that (e) with that

13. **Choose the correct sentence:**
(a) Selim, you and I shall be punished.
(b) I, you and Selim shall be punished.
(c) You, me and Selim shall be punished.
(d) You, Selim and I shall be punished.
(e) Both (b) and (d)

14. **Sports medicine experts agree that ice should be applied immediately when an athlete suffers an injury to_____leg.**
(a) Its (b) a (c) the (d) his (e) an

15. **Spain has little good farmland and lacks many_____ raw materials.**
(a) important and industry.
(b) important and industrious.
(c) important industrial.
(d) important industries.
(e) importance industrial.

16. **The whole story sounds _____.**
(a) stranged (b) strangely (c) stranger
(d) stranging (e) strange

17. **_____is cheaper for students who maintain a average because they are a better risk than average or below-average students.**
(a) automobile's insurance.
(b) insurance of automobiles.
(c) automobile insurance.
(d) insurance automobile.
(e) the insurances of automobiles.

18. **Choose the incorrect word:**
I have to write a one thousand-words paper this weekend.
(a) have (b) write (c) a (d) one thousand-words (e) paper

19. **I need to buy a lamp because I don't have_____in my room.**
(a) enough light. (b) light as enough
(c) light enoughly (d) light enough.
(e) Both (a) and (d).

20. **The definitions for '*gram calories*' or '*calories*' are _____for most Engineering work.**
(a) accurate as enough.
(b) enough accurate.
(c) accurate enough.
(d) as accurate enough.
(e) accurate enoughly.

21. **Choose the incorrect part :**
When (a) there is (b) a few money remaining after all expenses (c) have been paid, we say that a small (d) economic surplus or profit (e) has been created.

22. **_____can be grown on arid land.**
(a) only a few crops. (b) only few crop.
(c) only a little crops. (d) only little crop.
(e) only few crops.

**23. only_____ of the breeds of cattle have been brought to the united states.**

(a) a small amount of. (b) a little amount.
(c) a small number. (d) a little number. (e) small number.

**24. _____ fuel that is used today is a chemical form of solar energy (সৌরশক্তি).**

(a) most of (b) the most (c) most
(d) almost (e) almost all of

**25. There are three kinds of solar eclipses : one is total, another is annular, and _____ .**

(a) the another is partial. (b) the partial is other.
(c) other is partial. (d) the other is partial. (e) Partial is the other.

**26. Some plants are annuals; _____ are biennials (বায়েনিয়্যাল - দ্বিবার্ষিক) ; The others are perennials (পেরেনিয়্যাল-বর্ষব্যাপী)**

(a) Some another (b) another (c) other

(d) others (e) another.

**27. Choose the incorrect word :**

(a) <u>It has been proven</u> that when a subject identifies substance as (b) <u>tasting</u> (c) <u>well</u>, (d) <u>he</u> is often (e) <u>associating</u> the taste with the smell.

**28. This is a case of ______ absence.**

A. willing B. welling
C. willful D. rarely E. well

**29. That magnificent _______temple was constructed by the Chinese.**

A. eight–centuries–old B. eight–centruy's–old
C. old–eight–centuries D. eight–century–old E. eight–old–centuries

**30. She was astonished to see such a _____ building.**

A. ten-stories-multipurpose
B. ten-storys-multipurpose
C. ten-storey-multipurpose
D. tens-story-multipurpose
E. ten-story-multipurposes

**N.B:** American uses 'story' but British uses 'story'. We better follow British.

**31. A seventeen-year-old is not _____ to vote in election.**

A. old enough B. enough old
C. as old enough D. enough old as
E. older than

**32. He was ______ to agree to the proposal.**

A. foolishly B. foolish C. foolishness
D. folly E. None of the above

**33. He spent a _______ sum of money for the education of his daughter.**

A. considerate B. considering C. considerable
D. considerably E. None of the above

**34. She made a _______ call to California.**

A. ten-minutes B. ten-minute C. ten-minute's
D. Both B + C E. None of the above

**35. I do remember very clearly _____ experience.**

A. mine B. my C. my own
D. mine own E. None of the above

**36. George belongs to the______.**

A. class of the upper middle B. upper middle class
C. class from the center up D. high medium class E. class from the lower

**37. Jill is one of those people who always make _____ opinions known.**

A. his B. them C. her
D. their E. they

**38. Yesterday I met the boy _____ brother is a doctor.**

A. whom B. who C. whose
D. where E. none

**39. Richard is expecting __________ to go to class tomorrow.**

A. us B. our C. we
D. ours E. none

**40. The agency has changed _____ name several time.**

A. it's B. its C. their
D. None E. All

**41. He punished the boy______ he found was making a noise.**

A. whom B. who C. by whom
D whomever E. to whom

**42. You are the girl _____ can win the race.**
A. whom B. whoever C. who
D. whomever E. C + D

**43. For __________ this design was prepared is still a mystery.**
A. who B. whom C. whomever
D. whose E. so who

**44. _______ could ever count my love for you.**
A. Everybody B. Somebody C. Nobody D. Anybody E. None of the above

**45. It was _____ who first noticed the difference.**
A. me B. I C. myself
D. meself E. B + C

**46. They are talking among _____.**
A. their B. theirself C. them
D. themselves E. A or C

**47. _______ comes is welcome.**
A. Who B. Whoever C. Whom
D. Whichever E. Whom so ever

**48. Morning classes have been opened for people_____ during the evening of the day.**
A. which work B. whom work
C. who work D. who works
E. None of these.

**49.Your name comes after ______ on the list.**
A. I B. your C. my D. mine E. mines

**50. We think _____ to be a dolt (ডৌল্ট – নির্বোধ ব্যক্তি).**
A. he B. him C. his D. they E. Both B+C

**51. Wait for Hamid and _____ .**
a. me b. I c. my d. mine e. myself

***Choose The Correct Sentence Of the followings:***

**52.** a. I like Scott's poem who was a great poet.
b. I like the poems of Scott who was a great poet.
c. I like the poem of Scott who was a great poet.
d. I like the poem.

**53. I can't reply ________ he asks because his questions are tough.**
a. who b. whom c. which d. what

**54. He is the first boy _____ I am seeking for.**
a. who b. whom. c. that d. which

**55. I know the girl ______ mother teaches you.**
a. who b. whom c. whose d. what

**56. He is Mr. Shagar ___ I think is the Teacher of English.**
a. who b. whom c. whose d. what

**57. One should be attentive to _______ studies.**
a. his b. her c. one d. one's

**58. One of the students has finished _______ work.**
a. his b. her c. one d. one's

## Answer Key & Explanation

**01. (B)** Pronoun বাক্যের subject হিসেবে বসলে এর *subject form* use হয়।

**02. (A)** বাক্যের object হিসেবে বসলে pronoun এর *objective form* use হয়।

**03 (D)** অনেকেই ভুল করবে!!! *who* দিয়ে '*the prime minister'* কে indicate করছে যা Singular. তাই সঠিক উত্তর (d) হয়েছে।

**04. (E)** *Relative pronoun,* noun বা pronoun এর ঠিক আগে বসলে এদের objective form হয়। তবে এক্ষেত্রে (d) এর *whomever* (যাকে তাকে) হবে না। কেননা এটা বসালে sentence টি meaningful হয় না।

**05. (C)** কঠি-ই-ই-ন !!! '*who'* দিয়ে *authors* (গ্রন্থকার) কে indicate করছে, যা Plural। আর তাই *who* এর পরও plural verb বসবে।

**06. (B)**'*hire'* verb টির object হিসেবে pronoun এর objective form ব্যবহৃত হবে। আর তাই সঠিক উত্তর (b); অর্থাৎ *Brown will hire Rashid or her-* এভাবে চিন্তা করো।

**07. (D)** Relative pronoun সবসময় যাকে indicate করে, তার ঠিক পরে বসে।

**08. (B) '***people'* কে বোঝাতে *who* বসে, *that* নয়।

**09. (C)** Relative pronoun-এর পূর্বে কখনো-ই *they* বসতে পারে না। *those* বসে।

**10. (D)** Gerund এর আগে pronoun বসলে এর *possessive form* হয়। তাই *'his'* হয়েছে।

**11. (B)** Preposition এর পর Pronoun এর Objective form হয়। ∴ এখানে *him* হবে।

**12. (B)** যেমন: *The molecules of a liquid ................. than the molecules (those) of a gas.* অর্থাৎ *molecules*-এর এখানে *molecules*-এর সাথে তুলনা।

**13. (B)** বিভিন্ন Person এর Pronoun গুলো একসাথে বসলে এরা 231 order অর্থাৎ প্রথমে 2nd person, পরে 3rd person এবং সবশেষে 1st person বসে। তবে দোষ / গুণ বোঝালে 123 order follow করে।

**14. (D)** দেহের বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গের আগে pronoun-এর possessive form হয়।

**15. (C)** খু-উ-উব কঠিন !!! *'raw materials'* noun এর আগে adjective লাগবে। শুধুমাত্র (b) ও (c) তে adjective রয়েছে। কিন্তু (b) সঠিক উত্তর হবে না। কেননা (b) এর *industrious* adjective টি ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য, যা Sentence এ অসামঞ্জস্যপূর্ণ। তাই সঠিক উত্তর (c), Industrial.

**16. (E)**'*Sound'* এর পর adverb না বসে adjective বসে।

**17. (C)** দুটো noun একসাথে বসলে প্রথম noun টি adjective হিসেবে বিবেচিত হয়, যা কখনোও Plural হয় না। (e)ও সঠিক উত্তর হবে না। কেননা *'the insurance'* subject টি Plural যা verb '*is'* এর সাথে agree করে না।

**18. (D)** Hyphen দ্বারা একাধিক adjective যুক্ত হলে *hyphenated adjective* plural হয় না।

**19. (E)** '*Enough'* শব্দটি noun এর উভয়পাশে অর্থাৎ আগে বা পরে বসতে পারে।

**20. (C)** '*Enough'* শব্দটির Position হচ্ছে *adjective*-এর পরে।

**21. (B)** *Money* হলো uncountable noun. আর তাই এর পূর্বে *a few* বসতে পারে না। *A little* হবে।

**22. (A)** *Few* ও *Little* এর সাথে *Only* বসলে অবশ্যই *Only* এরপর '*a'* বসবে। আর '*crops'* countable noun বলে এর সাথে *few* হবে, *little* নয়।

**23. (C)** *'Small number'*-এর পর *Plural* countable noun বসে। '*The breeds*' হচ্ছে Plural noun. শুধু *small number* না হয়ে *a small number* হবে।

**24. (C)** '*most'* এর পর countable / uncountable noun উভয়-ই বসতে পারে। '*most'* noun এর পূর্বে বসলে হয় *most of the* অথবা শুধু *most* হবে।

**25. (D)** তিনটি noun কে ধারাবাহিকভাবে organize করার জন্য *one, another* and *the other* হবে।

**26. (C)** শুধু Plural verb এর আগে *subject* হিসেবে *other* বসে। ধারাবাহিক ভাবে হয় > *some* > *other* > *the other*

**27. (C)** *taste* verb এর পর adjective বসে। কিন্তু '*well'* হচ্ছে adverb. তাই (c) ই ভুল । *Well* –বাদে *good* হলে কোন ভুল হতো না।

**28.** (C) Noun '*absence'* এর আগে একটি *adjective* লাগবে। Option গুলোর মধ্যে শুধু *willful*-ই adjective.

**29.** (D) *Hyphenated* adjective কখনোও plural হয় না।

**30.** (B) উপরের নিয়মে হয়েছে।

**31.** (A) '*enough'* সবসময় adjective এর পরে বসে। '*old'* adjective হওয়ায় '*enough'* এর পরে বসবে।

**32.** (B) শুন্যস্থানে অর্থের দিক দিয়ে *foolish* বসালে সঠিক হবে। যেমন: *He was foolish.....* । Be verb *(am, is, are was, were)* এর পর adjective বসে। একমাত্র B-তেই adjective রয়েছে।

**33.** (C) *Considerable sum of money* অর্থ হলো 'উলে- খযোগ্য পরিমাণ টাকা।' '*sum'* noun-টির আগে একটি adjective লাগবে।

**34.** (B) *Hyphenated* adjective কখনোও plural হয় না।

**35.** (B) আমরা নিজের জিনিস বোঝাতে *my* ব্যবহার করি, যেমন- *my book, my own book* বলা লাগে না। এজন্যই এখানে ans: B হবে। Noun (*experience*) এর আগে pronoun-এর *possessive form* হয়। তাই *experience*-এর আগে *my* হবে।

**36.** (B) *Social status* গুলো সবসময় এভাবেই প্রকাশ করা হয়। অর্থাৎ, *George* উচ্চমধ্যবিত্ত শ্রেণীর অন্তর্ভুক্ত।

**37.** (D) Noun-এর আগে possessive pronoun বসে বলে *opinions*-এর আগে একটি possessive pronoun লাগবে। এক্ষেত্রে answer option হিসেবে, (A), (C), ও (D) চলে আসে। কিন্তু, যেহেতু *who* pronoun-টি দিয়ে *people* (যা plural) noun-কে indicate করছে, তাই *people*-কে indicate করতে একটি plural pronoun

অর্থাৎ *their*-ই লাগবে। ∴ সঠিক answer.... এজন্য শুধু গ্রামার দিয়ে নয়, বাক্যের অর্থ বুঝতে হবে।

**38.** (C) *brother* noun-টির পূর্বে possessive pronoun *whose*-ই বসবে। 'বালকটি যার ভাই' মানে................*The boy whose brother*....... -ই হবে।

**39.** (A) যেমন: *He is expecting me / her / him / us* এভাবে হয়।

**40.** (B) *'The agency'*-কে indicate করতে '*name*' singular noun-টির পূর্বে *it*-এর possessive pronoun '*its*' বসবে।
*It's = it is or it has* এখানে হবে না।

**41.** (B) '*was*' verb-এর subject হিসেবে *who* বসবে। *He found* এখানে অতিরিক্ত বাক্যাংশ।

**42.** (C) '*can*' verb-এর subject হিসেবে *who* বসবে।

**43.** (B) Preposition-এর পর pronoun-এর objective form বসে।
*For whom this design was prepared* মানে 'কার জন্য এই নকশা তৈরী করা হয়েছিল'।

**44.** (C) Sentence-এ '*ever*' word-টি থাকায় একটি negative pronoun লাগবে। *Nobody could ever count* মানে 'কেউ কখনো হিসেব করতে পারেনি ........।'

**45.** (B) Be verb-এর পর pronoun-এর subject form বসে।

**46.** (D) তারা নিজেরাই নিজেদের মধ্যে কথা বলছে বোঝাতে '*They ... themselves*'-ই হবে। *'Their self'* is a wrong Reflexive Pronoun.

**47.** (B) 'যে কেউ' অর্থ বোঝাতে *whoever* বসবে।

**48.** (C) '*work*' verb-এর subject হিসেবে '*who*'-ই ব্যবহার করতে হবে। আর যেহেতু '*who*' দিয়ে *people*-কে নির্দেশ করছে, যা plural, তাই '*who*' এর verb-টিও plural হবে। অর্থাৎ, ...... *for people who work during*.... মানে 'ঐ সকল লোকের জন্য যারা বিকেল বেলায় কাজ করে।'

**49.** (D) '*mine*' pronoun-টি দিয়ে *'my name'* indicate করছে।

**50.** (B) verb (*think*)-এর object হিসেবে objective pronoun বসে। *We think him / her* মানে 'আমরা তাকে মনে করি' .....।

**51.** (A) Preposition (*for*)-এর পর pronoun-এর objective form বসে। আমরা *wait for I* বলি না বরং *wait for me* বলি।

**52.** (B) *Who* দিয়ে ব্যক্তিকে বুঝায় বলে ব্যক্তির (Scott) পাশে *who* বসবে। (a)-তে *who* দিয়ে poem বুঝাচ্ছে, তাই (a) ভুল হয়েছে। (c)-তে একটি *poem* বুঝাচ্ছে বলে এটি বাদ। কারণ, *Scott*-এর সব *poem*-কেই পছন্দ হয়।

**53.** (D) 'কী' অর্থ বোঝাতে '*what*' বসবে।

**54.** (B) *whom + noun / pronoun; who* হবে না। কারণ, *the boy, whom I ....* মানে 'বালকটি যাকে আমি' .........।

**55.** (C)Noun-এর পূর্বে *possessive pronoun* বসে। *Whose mother* মানে 'যার মা'।

**56.** (A) Sentence-এর শেষের দিকের '*is*' verb-এর subject হিসেবে *who*-ই বসবে। *I think* হলো অতিরিক্ত বাক্যাংশ। অর্থাৎ, *who is the teacher.....*

**57.** (D) '*One*'-এর possessive form হিসেবে '*one's*' হয়।

**58.** (A) '*One*'-এর পর *of* থাকলে '*one*' এর পরিবর্তে *possessive pronoun* হিসেবে '*his*' বসে।